



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইব্রাহীম খাঁ সরকারি কলেজ

ভূগ্রাপুর, টাঙ্গাইল।

[www.ibrahimkhangovcollege.edu.bd](http://www.ibrahimkhangovcollege.edu.bd)



তারিখ : ১৮ই ফালুন ১৪২৮ বঙ্গাব্দ  
৩০ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

## উপবৃত্তির জন্য আবেদনপত্র আহ্বান

মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট-এর আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির অংশ হিসেবে উপবৃত্তি প্রদানের লক্ষ্যে ইব্রাহীম খাঁ সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

নিম্ন-বর্ণিত সনদের ফটোকপিসহ আবেদনপত্র কলেজের নির্ধারিত তারিখ ও স্থানে জমা দিতে হবে :

- i) শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
- ii) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- iii) পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- iv) পূর্ববর্তী শ্রেণির/পরীক্ষার নাম, রেজি. নম্বর, ফলাফল ও পাশের সনদের ফটোপকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- \* ১০ নম্বর ক্রমিকের উভর হ্যাঁ হলে তার স্বপক্ষে প্রমাণপত্র।
- \* ১৬ থেকে ২০ নম্বর ক্রমিকের যে-কোনো প্রশ্নের উভর হ্যাঁ হলে তার স্বপক্ষে প্রমাণপত্র।
- \* ৪৩ নম্বর ক্রমিকের (অন্যান্য) কোনো প্রশ্নের উভর হ্যাঁ হলে তার স্বপক্ষে প্রমাণপত্র।
- \* শিক্ষার্থীর (আবেদনকারী) অভিভাবকের (পিতা/মাতা অথবা পিতা-মাতার অবর্তমানে ৬নং ক্রমিকে বর্ণিত অভিভাবক) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর অবশ্যই থাকতে হবে (ক্রমিক ৪৪-৪৫)।
- \* পিতা বা মাতা বা ৬নং ক্রমিকে বর্ণিত অভিভাবকের যে মোবাইল ফোন নম্বর ৪৪-৪৫ নম্বর ক্রমিকের মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্টে দেয়া আছে তা ১৫ নম্বর ক্রমিকে উল্লেখ করতে হবে।
- \* আবেদনপত্রের ১ম অংশে শিক্ষার্থীর পরিচিতি নম্বরের ঘরে তাদের কলেজের ক্লাস রোল উল্লেখ করতে হবে।
- \* উপবৃত্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের মধ্য হতে গুরু উপবৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত/যাচাইকৃতদের উপবৃত্তি প্রদান করা হবে।
- \* আবেদনপত্র জমাদানের তারিখ ও স্থান পরে জানানো হবে।
- \* উপবৃত্তির আবেদন ফরম ইব্রাহীম খাঁ সরকারি কলেজের ওয়েবসাইট ([www.ibrahimkhangovcollege.edu.bd](http://www.ibrahimkhangovcollege.edu.bd)) হতে সংগ্রহ করা যাবে।
- \* আবেদনপত্রের শেষে শিক্ষার্থীর স্বাক্ষর, তারিখ ও মোবাইল ফোন নম্বর সংযুক্ত করতে হবে।
- \* প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ভর্তিকৃত শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত হবে না।

*মোস্তাফা  
০৩.৩.২০২২*

অধ্যক্ষ

ইব্রাহীম খাঁ সরকারি কলেজ

ভূগ্রাপুর, টাঙ্গাইল।